পাঠ ২৮

# বাক্য নিয়ে খেলা





## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- প্রমিত বাংলায় বলা প্রশ্ন, সাধারণ নির্দেশনা, আদেশ, অনুরোধ ও উপদেশ শুনে বুঝতে পারা।
- প্রমিত বাংলায় বলা কথোপকথন আলোচনা শুনে বুঝতে পারা।
- পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য শুদ্ধভাবে বলতে পারা।
- বিষয় বুঝে কথোপকথনে অংশগ্রহণ করতে পারা।

## পাঠের শিখনফল

২.১.৪ অনুরোধজ্ঞাপক বাক্য শুনে সাড়া দিতে পারব।
২.২.১ পরিচিত পরিবেশ কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারব।
২.২.৩ সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পারব।
২.২.৪ সহপাঠীদের সাথে কথোপকথন করতে পারব।
৫.২.২ স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারব।
৬.২.১ পরিচিত বিষয় সম্পর্কিত কথোপকথনের বিষয় বুঝে অংশগ্রহণ করতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| নদী | কূল | নৌকা | বাক্য | বাড়ি | খেলা | পুরোনো |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

বাংলা

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — চলো, পারি কি না দেখি

**১ ঝিমিতদের মতো করে আমরাও খেলাটি চালিয়ে যেতে পারি।** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৬২

সাকিব 'কলম' দিয়ে একটি বাক্য বলল। বাক্যটি হলো 'রেডলিফ কলম লেখে ভালো'। সাকিব এবার শিশিরকে 'ভালো' দিয়ে একটি বাক্য বলতে বলল। শিশির বলল, 'আমাদের মধ্যে তাহমিদ ভালো গান গায়'। শিশির এবার তাহমিদকে 'গান' দিয়ে একটি বাক্য বলতে বলল। তাহমিদ বলল, 'চলো আমরা সবাই একসাথে গান করি'। এবার তাহমিদ আয়ানকে 'একসাথে' দিয়ে একটি বাক্য বলতে বলল। আয়ান বলল, 'পাড়ার সকল ছেলে মোরা ভাই ভাই, একসাথে খেলি আর পাঠশালে যাই'।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

কূল, ভাসা, পুরোনো। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৩১

| শব্দ | শব্দার্থ |
|---|---|
| কূল | নদীর তীর। |
| ভাসা | পানির ওপর ভর করে থাকা। |
| পুরোনো | প্রাচীন। |

**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

নদী, কূল, নৌকা, বাড়ি, পুরোনো। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৩১

| শব্দ | বাক্য রচনা |
|---|---|
| নদী | নদীর দুই ধারে কাশবন রয়েছে। |
| কূলে | কূলে একা বসে আছি। |
| নৌকা | জেলে নৌকা দিয়ে মাছ ধরতে যায়। |
| বাড়ি | আমাদের গ্রামের বাড়ি খুব সুন্দর। |
| পুরোনো | জাদুঘরে পুরোনো দিনের অনেক স্মৃতি সংরক্ষিত থাকে। |

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. নদীর জলে কী ভাসে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৩১

উত্তর : নদীর জলে নৌকা ভাসে।

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ৪. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**



▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২৩১

**প্রশ্ন ক. ছবিতে কী কী দেখা যায়?**

উত্তর : ছবিতে দেখা যায়– তিনজন ছেলে ও তিনজন মেয়ে একসাথে বসে শব্দ দিয়ে বাক্য তৈরির খেলা খেলছে। তাদের মধ্যে একজন বিশেষ চাহিদাসম্পন্ন মেয়েও রয়েছে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | নদী ও নৌকা শব্দ বলতে পেরেছে। | | | |
| | বাড়ি, নদী শব্দ বলতে পেরেছে। | | | |
| দক্ষতা | নদী ও নৌকা শব্দ দিয়ে বাক্য বলতে পেরেছে। | | | |
| | সহপাঠীদের মধ্যকার কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | বিষয় সম্পর্কিত আলোচনায় অংশগ্রহণ করতে পেরেছে। | | | |

বাংলা

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

**ধারাবাহিক মূল্যায়ন**

তারিখ : ☐☐☐ সময় :..............

শিক্ষার্থীর নাম : .................................................. শ্রেণি : ................................... রোল নম্বর : ☐

১। **ছবি দেখে প্রশ্নের উত্তর দাও।**



ক. ছবিতে কী কী দেখা যায়?

২। নদীর জলে কী ভাসে?

৩। **নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

নদী, কূল, নৌকা, বাড়ি, পুরোনো।

### উত্তরমালা

১ ▸ ক. ছবিতে দেখা যায়– তিনজন ছেলে ও তিনজন মেয়ে একসাথে বসে শব্দ দিয়ে বাক্য তৈরির খেলা খেলছে। তাদের মধ্যে একজন বিশেষ চাহিদাসম্পন্ন মেয়েও রয়েছে।

২ ▸ নদীর জলে নৌকা ভাসে।

৩ ▸

| শব্দ | বাক্য রচনা |
|---|---|
| নদী | নদীর দুই ধারে কাশবন রয়েছে। |
| কূল | কূলে একা বসে আছি। |
| নৌকা | জেলে নৌকা দিয়ে মাছ ধরতে যায়। |
| বাড়ি | আমাদের গ্রামের বাড়ি খুব সুন্দর। |
| পুরোনো | বাড়িটি অনেক পুরোনো। |

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐

বাংলা

# শব্দের অর্থ জেনে নিই

| শব্দ | অর্থ |
|---|---|
| **আ** | |
| আহরণ | — জোগাড় |
| আঁখি | — চোখ |
| **ক** | |
| কালবৈশাখি | — বৈশাখ মাসের ঝড় |
| কুয়াশা | — বাতাসে ভাসা পানির কণা |
| **খ** | |
| খাদ্য | — খাবার |
| খোঁড়া | — গর্ত করা |
| **গ** | |
| গোলাঘর | — যে ঘরে ফসল রাখা হয় |
| **চ** | |
| চিড়িয়াখানা | — যেখানে দেখানোর জন্য পশুপাখি রাখা হয় |
| **ছ** | |
| ছানা | — বাচ্চা |
| **জ** | |
| জবাব | — উত্তর |
| **ঝ** | |
| ঝাঁক | — দল |
| **ঢ** | |
| ঢালু | — নিচু |
| **ত** | |
| তৃণলতা | — ঘাস ও লতা |
| **থ** | |
| থেকে থেকে | — একটু পরপর |
| **দ** | |
| দরদি | — যার দরদ বা ভালোবাসা আছে |
| **ধ** | |
| ধার | — কিনার, তীর |
| **ন** | |
| নবান্ন | — পিঠা ও পায়েস খাওয়ার উৎসব |
| **প** | |
| পার্ক | — বিশ্রাম ও বিনোদনের স্থান |
| পাখা | — ডানা |
| পরাগ | — ফুলের রেণু |
| পাঠশালা | — শিক্ষালাভের স্থান |
| পয়লা | — প্রথম |
| পরিখা | — খাল |
| **ব** | |
| বাহারি | — নানা রকম |
| বুনি | — বানাই |
| **র** | |
| রুপালি | — রুপার মতো চকচকে |
| রোজ | — প্রতিদিন |
| **শ** | |
| শোভাযাত্রা | — আনন্দের যাত্রা |
| শিস | — সুরেলা ডাক |
| **স** | |
| সঞ্চয় | — সংগ্রহ |
| সোনালি | — সোনার মতো রং |
| সাংবাদিক | — যে সংবাদ সংগ্রহ করে |
| সেথা | — সেখানে |
| **ষ** | |
| ষড় | — ছয় |
| **হ** | |
| হাঁটুজল | — হাঁটু সমান পানি |
| হাঁক | — ডাক দেওয়া |